GST (General, Science & Technology) গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয় সমূহের সমন্বিত ভর্তি পরীক্ষা ২০২০-২১

২০২০-২০২১ শিক্ষাবর্ষে GST গুচ্ছভুক্ত ২০ টি পাবলিক বিশ্ববিদ্যালয়ে একটিমাত্র সমন্বিত ভর্তি পরীক্ষার মাধ্যমে শিক্ষার্থীরা প্রথম বর্ষে ভর্তির সুযোগ পাবে। ভর্তি পরীক্ষায় অংশগ্রহনপূর্বক প্রাপ্ত ফলাফলের ভিত্তিতে GST গুচ্ছভুক্ত যে কোন বিশ্ববিদ্যালয়ে যোগ্যতা সাপেক্ষে ভর্তির আবেদন করতে পারবে। প্রত্যেক শিক্ষার্থী তার এইচএসসি/সমমান পরীক্ষার শাখা (বিজ্ঞান, মানবিক, বাণিজ্য) মোতাবেক (একটিমাত্র) ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করবে। দুটি পর্যায়ে আবেদন করতে হবে –

(১) প্রাথমিক আবেদন

(২) চূড়ান্ত আবেদন (প্রাথমিক আবেদনের ভিত্তিতে চূড়ান্ত আবেদনের যোগ্য হিসাবে বিবেচিত হলে)।

১। প্রাথমিক আবেদন

২০১৬, ২০১৭ ও ২০১৮ সালের এসএসসি/সমমান এবং ২০১৯ ও ২০২০ সালের এইচএসসি/সমমান, ডিপ্লোমা-ইন-কমার্স, বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ডের অধীনে এইচএসসি (ভোকেশনাল), A লেভেল এবং অন্যান্য সমমান পরীক্ষায় [সমমান নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে] উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল ভর্তি পরীক্ষার জন্য প্রাথমিক আবেদন করতে পারবে। বিজ্ঞান, মানবিক ও বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা নির্ধারিত যোগ্যতা সাপেক্ষে যথাক্রমে ইউনিট-A, ইউনিট-B ও ইউনিট-C এ আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক প্রাথমিক আবেদনের যোগ্যতা নিম্নরূপঃ

ইউনিট-A: বিজ্ঞান শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে। সাধারন শিক্ষাবোর্ডের বিজ্ঞান শাখাসহ মাদ্রাসা বোর্ড (বিজ্ঞান) এবং ভোকেশনাল (এইচএসসি) বিজ্ঞান শাখা হিসাবে বিবেচিত হবে।

ইউনিট-B: মানবিক শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। সাধারন শিক্ষাবোর্ডের মানবিক শাখাসহ মিউজিক, গার্হস্থ্য অর্থনীতি এবং মাদ্রাসা বোর্ড (সাধারন, মুজাব্বিদ) মানবিক শাখা হিসাবে বিবেচিত হবে।

ইউনিট-C: বাণিজ্য শাখা হতে এইচএসসি/সমমান পরীক্ষায় উত্তীর্ণ আবেদনকারীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান উভয় পরীক্ষায় (৪র্থ বিষয়সহ) ন্যূনতম জিপিএ ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। সাধারন শিক্ষাবোর্ডের বাণিজ্য শাখাসহ ডিপ্লোমা ইন বিজনেস স্টাডিস, ব্যবসায় ব্যবস্থাপনা (এইচএসসি) এবং ডিপ্লোমা ইন কমার্স বাণিজ্য শাখা হিসাবে বিবেচিত হবে।

জিসিই-এর ক্ষেত্রে আইজিসিএসই (ও লেভেল) পরীক্ষায় কমপক্ষে ৩ টি বিষয়ে B গ্রেডসহ ৫টি বিষয়ে পাশ এবং আইএএল (এ লেভেল) পরীক্ষায় কমপক্ষে ২ টি বিষয়ে B গ্রেডসহ ৩টি বিষয়ে পাশ থাকতে হবে। এক্ষেত্রে সরাসরি আবেদনের মাধ্যমে সমমান ও যোগ্যতা নির্ধারণ কমিটি কর্তৃক অনুমোদন সাপেক্ষে অনলাইনে আবেদন করতে হবে।

প্রাথমিক আবেদন পদ্ধতির বিস্তারিত যথাসময়ে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষা –এর ওয়েবসাইট ()-এ প্রকাশ করা হবে।

২। চুড়ান্ত আবেদন

প্রাথমিকভাবে আবেদনকৃত শিক্ষার্থীদের এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষার ফলাফলের ভিত্তিতে ইউনিট ভিত্তিক চুড়ান্ত আবেদনের জন্য শিক্ষার্থী নির্বাচিত হবে। চুড়ান্ত আবেদনের তালিকা প্রস্তুত পদ্ধতি নিম্নে প্রদত্তঃ

ইউনিট – A (বিজ্ঞান শাখা):

Sorting Criteria	GPA (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	Marks (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	HSC Physics		HSC Chemistry	
			GP	Mark	GP	Mark
Sorting Sequence	1	2	3	4	5	6

ইউনিট – B (মানবিক শাখা):

Sorting Criteria	GPA (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	Marks (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	HSC Bangla		HSC English	
			GP	Mark	GP	Mark
Sorting Sequence	1	2	3	4	5	6

ইউনিট – C (বাণিজ্য শাখা):

Sorting Criteria	GPA (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	Marks (Including 4th Subject) (HSC 60%+SSC 40%)	HSC Bangla		HSC English	
			GP	Mark	GP	Mark
Sorting Sequence	1	2	3	4	5	6

উল্লেখিত সর্বোচ্চ ৬ সর্টিং ক্রাইটেরিয়া ক্রমানুসারে (১ হতে ৬) ব্যবহার করে প্রাথমিক আবেদনকারীদের তালিকা প্রস্তুত করা হবে। প্রতিটি ইউনিটে নির্দিষ্ট সংখ্যক শিক্ষার্থী ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। নির্ধারিত সময়ে চুড়ান্ত আবেদন সম্পন্ন করতে হবে। অন্যথায় পরবর্তী তালিকা হতে প্রয়োজনীয় সংখ্যক শিক্ষার্থীকে চুড়ান্ত আবেদনের সুযোগ দেওয়া হবে। প্রতিটি ইউনিটে আবেদন ফি ৫০০.০০ (পাঁচশত) টাকা মাত্র মোবাইল ব্যাংকিং (বিকাশ, রকেট, নগদ, টেলিটক)-এর মাধ্যমে প্রদান করতে হবে। চুড়ান্ত আবেদন পদ্ধতির বিস্তারিত যথাসময়ে GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট ()-এ প্রকাশ করা হবে। চুড়ান্ত আবেদনের সময় শিক্ষার্থীদের ২৮টি পরীক্ষাকেন্দ্রের মধ্যে ন্যূনতম ৫টি কেন্দ্র পছন্দের তালিকায় রাখতে হবে। এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান কোর্সের শিক্ষাপ্রতিষ্ঠানের অবস্থান, এসএসসি ও এইচএসসি/সমমান পরীক্ষায় প্রাপ্ত নম্বর, পাসের বছরসহ সংশ্লিষ্ট বিষয়াদি বিবেচনাপূর্বক নিম্নে উল্লেখিত পদ্ধতিতে প্রতিটি শিক্ষার্থীর জন্য একটি কেন্দ্র-নির্ধারনি স্কোর (সর্বোচ্চ ১০০) প্রস্তুত করা হবে।

১। স্কুলের অবস্থান (কেন্দ্র হতে দূরত্ব): ২০ (সর্বোচ্চ)
২। কলেজের অবস্থান (কেন্দ্র হতে দূরত্ব): ৩০ (সর্বোচ্চ)
৩। প্রাপ্ত নম্বর SSC: ১০ (সর্বোচ্চ)
৪। প্রাপ্ত নম্বর HSC: ২০ (সর্বোচ্চ)
৫। HSC পাশের বছর (২০১৯ – ০৫, ২০২০ - ১০): ১০ (সর্বোচ্চ)
৬। ছেলে/মেয়ে (ছেলে – ০৫, মেয়ে - ১০): ১০ (সর্বোচ্চ)

প্রাপ্ত স্কোর ও কেন্দ্রের পছন্দ ক্রমের ভিত্তিতে প্রত্যেক শিক্ষার্থীর পরীক্ষাকেন্দ্র নির্ধারন করা হবে। নির্ধারিত পরীক্ষাকেন্দ্র পরিবর্তনের কোন সুযোগ নাই।

৩। ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলী

প্রত্যেক শিক্ষার্থীকে নির্ধারিত কেন্দ্রে ভর্তি পরীক্ষায় অংশগ্রহন করতে হবে। প্রতিটি ইউনিটে ১ ঘন্টায় ১০০ নম্বরের MCQ পরীক্ষা অনুষ্ঠিত হবে। যে কোন ইউনিট (A/B/C)-এর পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয়ের প্রদত্ত শর্তসাপেক্ষে অন্যান্য ইউনিটের সংশ্লিষ্ট বিষয়সমূহে ভর্তির আবেদনের জন্য বিবেচিত হবে। ভর্তি পরীক্ষার বিষয়সমূহ নিম্নে প্রদত্তঃ

ইউনিট	পরীক্ষার বিষয়সহ শর্তসমূহ			
ইউনিট-A (বিজ্ঞান শাখা)		বিষয়	নম্বর	মোট নম্বর
	আবশ্যিক	পদার্থবিদ্যা	২০	৬০
		রসায়ন	২০	
		বাংলা	১০	
		ইংরেজি	১০	
	ঐচ্ছিক (যে কোন দুটি)	গণিত	২০	৪০
		জীববিদ্যা	২০	
		আইসিটি	২০	
			সর্বমোট	১০০
ইউনিট-B (মানবিক শাখা)		বিষয়	নম্বর	মোট নম্বর
	আবশ্যিক	বাংলা	৪০	১০০
		ইংরেজি	৩৫	
		আইসিটি	২৫	
			সর্বমোট	১০০
ইউনিট-C (বাণিজ্য শাখা)		বিষয়	নম্বর	মোট নম্বর
	আবশ্যিক	হিসাববিজ্ঞান	২৫	১০০
		ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা	২৫	
		বাংলা	১৩	
		ইংরেজি	১২	
		আইসিটি	২৫	
			সর্বমোট	১০০

৪। পরীক্ষার সময়সূচীঃ

সময়/তারিখ	১৯/০৬/২০২১	২৬/০৬/২০২১	০৩/০৭/২০২১
দুপুর ১২:০০ হতে দুপুর ০১:০০	ইউনিট-A (বিজ্ঞান)	ইউনিট-B (মানবিক)	ইউনিট-C (বাণিজ্য)

৫। গুরুত্বপূর্ণ তারিখসমূহ

প্রাথমিক আবেদনঃ	০১-০৪-২০২১ হতে ১৫-০৪-২০২১
প্রাথমিক আবেদনের ফলাফল প্রকাশঃ	২৩-০৪-২০২১
চুড়ান্ত আবেদনঃ	২৪-০৪-২০২১ হতে ২০-০৫-২০২১
প্রবেশপত্র ডাউনলোডঃ	০১-০৬-২০২১ হতে ১০-০৬-২০২১

৬। ফলাফল

প্রতিটি ইউনিটের পরীক্ষার্থীদের বিষয়ভিত্তিক ফলাফল GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষার ওয়েবসাইট ()-এ প্রকাশ করা হবে। GST গুচ্ছভুক্ত প্রতিটি বিশ্ববিদ্যালয় আলাদাভাবে ভর্তি বিজ্ঞপ্তির মাধ্যমে নিজেদের শর্ত উল্লেখসহ দরখাস্ত আহবান করবে। শুধুমাত্র GST গুচ্ছভুক্ত সমন্বিত ভর্তি পরীক্ষায় অংশগ্রহণকারী শিক্ষার্থীরাই আবেদন করতে পারবে। ইউনিট ভিত্তিক মেধাক্রম অনুসারে বিশ্ববিদ্যালয়গুলো নিজ ব্যবস্থাপনায় ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করবে।